



ট্রিলিয়ন ডলারের অর্থনীতি গড়ার পথে বাংলাদেশ: অর্থমন্ত্রী



আমির খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

দেশি-বিদেশি বিনিয়োগ বাড়াতে সরকারের বিভিন্ন উদ্যোগ ইতোমধ্যে ইতিবাচক সাড়া পাচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তার মতে, এ ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ এক ট্রিলিয়ন ডলারের অর্থনীতির লক্ষ্যের দিকে আরও এগিয়ে যাবে।

২০২৬-২৭ অর্থবছরের বাজেট ঘোষণার পর শনিবার (৪ জুলাই) প্রথমবারের মতো নিজ শহর চট্টগ্রাম সফরে গিয়ে তিনি এসব কথা বলেন।

অর্থমন্ত্রী বলেন, চট্টগ্রামের অর্থনৈতিক সম্ভাবনা দেশের অন্য অনেক অঞ্চলের তুলনায় বেশি। তাই ভবিষ্যতে এই নগরীকে দেশের প্রধান লজিস্টিক হাব হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে, যার প্রতিফলন চলতি বাজেটেও রয়েছে।

তিনি আরও জানান, চট্টগ্রামের আনোয়ারা এলাকায় প্রায় ৬০০ একর জমিতে একটি ফ্রি ট্রেড জোন গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। এ প্রকল্প বাস্তবায়িত হলে বিনিয়োগ, শিল্পায়ন ও কর্মসংস্থানে নতুন গতি আসবে বলে আশা প্রকাশ করেন তিনি।

এর আগে গত এপ্রিলে জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছিলেন, ২০৩৪ সালের মধ্যে বাংলাদেশকে ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে উন্নীত করাকে সরকার অন্যতম প্রধান লক্ষ্য হিসেবে নিয়েছে। এ উদ্দেশ্যে বিনিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক গণতন্ত্রায়ণ, সৃজনশীল অর্থনীতি এবং ক্রীড়া অর্থনীতির বিকাশকে গুরুত্ব দিয়ে সমন্বিত পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে।